গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় সমাজসেবা একাডেমি
সমাজসেবা অধিদপ্তর
ই-৮/বি-১, শেরে বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.nass.gov.bd

নম্বর: ৪১.০১.০০০০.০১৮.৯৯.০০১.২৩.৩৬০

তারিখ: ৫ চৈত্র ১৪৩০
১৯ মার্চ ২০২৪

# পুনঃবিজ্ঞপ্তি

**বিষয় : আগ্রহী ব্যক্তি / প্রতিষ্ঠান থেকে গবেষণা প্রস্তাবনা আহবান ।**

সমাজকল্যাণ মন্ত্রণালয়াধীন সমাজসেবা অধিদপ্তরের জাতীয় সমাজসেবা একাডেমি একটি জাতীয় পর্যায়ের প্রশিক্ষণ একাডেমি। সমাজসেবার ক্ষেত্রে শিক্ষা, প্রশিক্ষণ, গবেষণা, এবং দক্ষতা বিকাশে শ্রেষ্ঠত্ব অর্জনের রূপকল্প এবং দরিদ্র, অসহায় জনগোষ্ঠী এবং প্রতিবন্ধি ব্যাক্তিদের উন্নত জীবন ও যত্নশীল সমাজ বিনির্মাণের জন্য তথ্য যোগাযোগ প্রযুক্তি ও আধুনিক সমাজকর্মের অনুশীলননির্ভর বিশেষায়িত জ্ঞান এবং অভিজ্ঞতা প্রদানের মাধ্যমে দক্ষ ও সক্ষম জনশক্তি প্রস্তুত করার অভিলক্ষ্য নিয়ে জাতীয় সমাজসেবা একাডেমি পরিচালিত হচ্ছে। গবেষণার আলোকে সমাজসেবা অধিদপ্তরের বাস্তবায়িত সকল কার্যক্রমের বিশ্লেষণ, কার্যকরিতা মুল্যায়ণ এবং পঠন-পাঠনের মাধ্যমে সেবাগ্রহীতার সেবাকেন্দ্রিক মনোভাব যাছাইকরত: কার্যকর প্রশিক্ষণের মাধ্যমে প্রতিশ্রুতিবদ্ধ পেশাজীবী সমাজকর্মী গড়ে তোলার লক্ষ্য নিয়ে বিগত ২০১৯-২০ অর্থবছর থেকে জাতীয় সমাজসেবা একাডেমি গবেষণা কার্যক্রম পরিচালনা করে যাচ্ছে। নিম্নের উদ্দেশ্যসমূহকে সামনে রেখে জাতীয় সমাজসেবা একাডেমি ২০২৩-২০২৪ অর্থবছরের গবেষণা কাজ শুরু করতে যাচ্ছে।

**গবেষণা কাজের উদ্দেশ্যসমূহ :**

১. একাডেমি'র প্রশিক্ষণ কার্যক্রমে গুণগতমান ও পেশাদারিত্ব উন্নয়নের লক্ষ্যে গবেষণা / প্রায়োগিক গবেষণায় উৎসাহিত করা;
২. একাডেমি পরিচালিত প্রশিক্ষণ কার্যক্রমকে সহায়তা প্রদানের জন্য গবেষণা করা;
৩. দেশের সামাজিক উন্নয়নের সঙ্গে সংশ্লিষ্ট বিভিন্ন সমস্যার উপর গবেষণা কার্যক্রম পরিচালনা;
৪. সমাজসেবা অধিদফতর কর্তৃক বাস্তবায়নাধীন বিভিন্ন কার্যক্রমের মূল্যায়ন ও উন্নয়ন সংক্রান্ত;

**গবেষণা প্রস্তাবের বিষয়সমূহ :**

১. ভূমিকা / গবেষণা সমস্যা
২. গবেষণার যৌক্তিকতা
৩. গবেষণার উদ্দেশ্য
৪. গবেষণার পরিধি
৫. গবেষণা পদ্ধতি (বিশদ বিবরণসহ)
৬. বিশ্লেষণ / উপাত্ত উপস্থাপন পরিকল্পনা
৭. গবেষণা প্রকল্পে নিয়োগযোগ্য ব্যক্তিবর্গ
৮. কর্মপরিকল্পনা / সময়সীমা
৯. বাজেট
১০. গবেষণা প্রকল্পের পরিচালক এর জীবন বৃত্তান্ত ।

**গবেষণার বিষয়াদি:**

সমাজসেবা অধিদপ্তর সরকারের অন্যান্য জাতিগঠনমূলক প্রতিষ্ঠানগুলোর মধ্যে অন্যতম। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানে ১৫ (ঘ) অনুচ্ছেদের আলোকে দেশের বিভিন্ন অনগ্রসর শ্রেণির জন্য সাংবিধানিক অঙ্গীকার পূরণের লক্ষ্যে সরকারের অভিপ্রায় বাস্তবায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করার ক্ষেত্রে এ অধিদপ্তর পথিকৃৎ হিসেবে স্বীকৃত। প্রথম দিকে কল্যাণকামী দৃষ্টিভঙ্গি (Welfare Approach) নিয়ে কাজ করলেও বর্তমানে এ অধিদপ্তর অধিকার ও ক্ষমতায়ন দৃষ্টিভঙ্গি (Right Based and Empowerment Approach) নিয়ে নতুন নতুন কার্যক্রম গ্রহণ করছে।

**কার্যক্রম ভিত্তিক গবেষণা :**

সমাজসেবা অধিদপ্তরের ক্ষুদ্রঋণ কর্মসূচিসমূহ, চিকিৎসা ও প্রবেশন কর্মসূচি, স্বেচ্ছাসেবী সংস্থা নিবন্ধনসহ কার্যক্রমসমূহ বাস্তবায়ন ও মনিটরিং টুলস / অনলাইন সেবা ভিত্তিক গবেষণা প্রস্তাবনার টাইটেল নির্ধারণ করা।

**সামাজিক নিরাপত্তা কার্যক্রম বিষয়ক গবেষণা :**
বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী পরিত্যক্তা দুস্থ মহিলা ভাতা, অসচ্ছল প্রতিবন্ধী ভাতা, প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তি, চা শ্রমিকদের জীবনমান উন্নয়ন, ভিক্ষুক পূর্ণবাসন, বেদে ও হিজড়া জনগোষ্ঠীর উন্নয়ন এবং চিকিৎসা সহায়তা কর্মসূচীসহ সকল সামাজিক নিরাপত্তা কর্মসূচির টুলস / অনলাইন সেবা ভিত্তিক গবেষণা প্রস্তাবনার টাইটেল নির্ধারণ করা।

**প্রতিষ্ঠানিক কার্যক্রম ভিত্তিক গবেষণা :**
সমাজসেবা অধিদপ্তরের প্রতিষ্ঠান অধিশাখা কর্তৃক বাস্তবায়িত এতিম, অনাথ শিশু, প্রতিবন্ধী, দুস্থ, ভবঘুরে, আইনের সংঘাতে ও সংঘর্ষে আসা শিশু ও সামাজিক প্রতিবন্ধী ব্যক্তিদের উন্নয়নে সংশ্লিষ্ট সকল প্রাতিষ্ঠানিক কার্যক্রম ভিত্তিক গবেষণা প্রস্তাবনার টাইটেল নির্ধারণ করা।

অর্থাৎ সমাজসেবা অধিদপ্তরের প্রদত্ত যে কোন সেবা, কার্যক্রম / কর্মসূচি/ প্রকল্প কিংবা অপারেশনাল প্রশাসনিক কাজের / দপ্তর, জনবল কাঠামো বিষয়ে গবেষণার প্রস্তাবনা দাখিল করা যাবে। অধিদপ্তরসহ সংশ্লিষ্ট বিষয়ে বিস্তারিত তথ্যের জন্য ওয়েব সাইট: www.dss.gov.bd এবং www.nass.gov.bd ভিজিট করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

**গবেষণা প্রস্তাবনা দাখিল :**

১. অধ্যক্ষ, জাতীয় সমাজসেবা একাডেমি, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা বরাবরে আগ্রহী ব্যক্তি (গবেষণা বিষয়ে স্বীকৃত প্রতিষ্ঠান হতে প্রশিক্ষণ প্রাপ্ত) / প্রতিষ্ঠানকে সমাজসেবা অধিদপ্তরের প্রদত্ত যে কোন সেবা, কার্যক্রম কিংবা অপারেশনাল প্রশাসনিক কাজের বিষয় গবেষণার প্রস্তাবনা সরাসরি/ডাকযোগে ০২ (দুই) সেট দাখিল করবেন।

২. গবেষণা প্রস্তাবনা দাখিলের সর্বশেষ সময়সীমা : **৩১ মার্চ ২০২৪**, বিকাল ৩টা ।

৩. এই গবেষণা কাজ জাতীয় সমাজসেবা একাডেমির গবেষণা কাজ পরিচালনা বিষয়ক মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর কর্তৃক জারীকৃত পরিপত্র দ্বারা নিয়ন্ত্রিত হবে যা একাডেমি'র তথ্য বাতায়ন (www.nass.gov.bd) আপলোড করা আছে।

**বিশেষ প্রয়োজনে যোগাযোগ :**
সোমা ইউসুফ, প্রভাষক এবং দায়িত্বপ্রাপ্ত গবেষণা কর্মকর্তা, জাতীয় সমাজসেবা একাডেমি, মোবাইল : ০১৭১৭৮৪৪২৩১, ই-মেইল : nass@dss.gov.bd।

১৮/০৩/২০২৪
(মোঃ সাফায়েত হোসেন তালুকদার)
অধ্যক্ষ
ফোন: ০২-৫৫০০৭০২১
ই-মেইল: pri.nass@dss.gov.bd

**অনুলিপি বিতরণ ( জ্ঞাতার্থ ও কার্যার্থে) : (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)**
১. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২. পরিচালক (প্রশাসন ও অর্থ)/ কার্যক্রম / প্রতিষ্ঠান/ সামাজিক নিরাপত্তা, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৩. পরিচালক, ইনস্টিটিউট অব সোশ্যাল ওয়েলফেয়ার এন্ড রিসার্স, ঢাকা বিশ্ববিদ্যালয়।
৪. একান্ত সচিব, মাননীয় মন্ত্রী, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রী, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. একান্ত সচিব, সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, সমাজকল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৮. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় (সকল)।
৯. উপাধ্যক্ষ, জাতীয় সমাজসেবা একাডেমি।
১০. তত্ত্বাবধায়ক / উপতত্ত্বাবধায়ক শিশু পরিবার / শিশু উন্নয়ন কেন্দ্র / সরকারি আশ্রয়কেন্দ্র/ দিবাকালীন শিশু যত্ন কেন্দ্র।
১১. সমাজসেবা অফিসার, উপজেলা / শহর / হাসপাতাল সমাজসেবা কার্যালয় (সকল)
১২. প্রবেশন অফিসার, প্রবেশন কার্যালয় (সকল)
১৩. অন্যান্য আগ্রহী ব্যক্তি/ গবেষণা প্রতিষ্ঠান. . . . . . . . . .